

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩১৭৪

১৫/ কিতাবুল জানাযা (کتاب الجنائز)

পরিচ্ছেদঃ ২৩২. শিশুর সালাতুল জানাযা পড়া সম্পর্কে।

باب فِي الصَّلاَةِ عَلَى الطِّفْلِ

আরবী

حَدَّثَنَا هَنَّادُ بْنُ السَّرِيِّ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُبَيْدٍ، عَنْ وَائِلِ بْنِ دَاوُدَ، قَالَ سَمِعْتُ الْبَهِيُّ، قَالَ لَمَّا مَاتَ إِبْرَاهِيمُ ابْنُ النَّبِيِّ صلى الله عليه وسلم صلَّى عَلَيْهِ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم في الْمَقَاعِدِ . قَالَ أَبُو دَاوُدَ قَرَأْتُ عَلَى سَعِيدِ بْنِ يَعْقُوبَ الطَّالْقَانِيِّ قِيلَ لَهُ حَدَّثَكُمُ ابْنُ الْمُبَارَكِ عَنْ يَعْقُوبَ بْنِ الْقَعْقَاعِ عَنْ عَطَاءٍ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم صلَّى عَلَى ابْنِهِ إِبْرَاهِيمَ وَهُوَ ابْنُ سَبْعِينَ لَيْلَةً .

বাংলা

৩১৭৪. হান্নাদ ইবন সারী (রহঃ) ওয়াল ইবন দাউদ (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমি বাহী থেকে প্রবণ করেছি, যখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পুত্র ইব্রাহীম মারা যান, তখন রাসূলুল্লাহু সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর বসার স্থানে তাঁর (ইবরাহীমের) জানাযার নামায় পড়েন।

আবৃ দাউদ (রহঃ) বলেনঃ আমি সাঈদ ইবন ইয়া'কূব তালেকানীর নিকট হাদীছটি পড়ে শোনানোর পর জানতে পারি যে, ইবন মুবারক ইয়াকূব ইবন কা'কা হতে, তিনি আতা হতে বর্ণনা করেছেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর পুত্র ইবরাহীমের জানাযার নামায পড়েছিলেন এবং এ সময় তাঁর বয়স ছিল সত্তর রাত (অর্থাৎ দু'মাস দশ দিন) মাত্র।

English

Narrated Al-Bahiyy:

When Ibrahim, the son of the Prophet (ﷺ) died, he prayed over him at the place where he used to sit.

Abu Dawud said: I recited to Sa'id b. Ya'qub al-Taliqani saying: Ibn al-



Mubarak transmitted to you from Ya'qub b. al-Qa'qa' on the authority of 'Ata that the Prophet (ﷺ) prayed over his son Ibrahim when he was seventeen days old.

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন